

‘হৃদিশ’ না পাওয়া রাস্তাগুলির নাম তুলতে হবে রাস্তাশ্রী পোর্টালে, নির্দেশ রাজ্যের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: জেলা থেকে পাঠানো তালিকায় থাকলেও বাস্তবে হৃদিশ মেলেনি এক হাজারের বেশি রাস্তার। সেই রাস্তাগুলির নাম দ্রুত পৃথকভাবে রাস্তাশ্রী পোর্টালে তোলার নির্দেশ দিল রাজ্য সরকার। প্রতিটি জেলা প্রশাসনকে পঞ্চায়েত দপ্তরের তরফে এই নির্দেশ দেওয়া হয়েছে বলে নবান্ন সূত্রে খবর। জানা গিয়েছে, খোঁজ না পাওয়া রাস্তাগুলির বদলে অন্য কাজ করতে গেলে তা রাস্তাশ্রী পোর্টালে তা নথিভুক্ত করা দরকার। সেই জন্যই এমন নির্দেশ দেওয়া হয়েছে জেলাগুলিকে।

রাস্তাশ্রী প্রকল্পের অধীনে তিন মাসে প্রায় ন’হাজার রাস্তা তৈরির টার্গেট নিয়েছে রাজ্য। এর জন্য তিন হাজার কোটি টাকার বিশেষ তহবিল তৈরি করা হয়েছে। স্বচ্ছতা বজায় রাখতে সব দিক

খতিয়ে দেখেই প্রতিটি রাস্তা তৈরির অনুমোদন দিচ্ছে পঞ্চায়েত দপ্তর। তারপর রাস্তা তৈরি বা মেরামতির দরপত্র ডাকছে জেলা প্রশাসন। সেই যাচাই প্রক্রিয়া চলার সময় মোট ১,২৬৬টি রাস্তার খোঁজই পায়নি পঞ্চায়েত দপ্তর। তাই এর পরিবর্তে অন্যান্য রাস্তার কাজ করানোর চেষ্টা হচ্ছে।

হৃদিশ না পাওয়া রাস্তাগুলির নাম পৃথকভাবে পোর্টালে তুলতে হবে সংশ্লিষ্ট জেলা প্রশাসনকেই। তারপর সেখানে নতুন রাস্তার নাম ঢোকানো যাবে। আগামী ১৫ মার্চের মধ্যে রাস্তাশ্রী প্রকল্পের কাজ শুরু করে দিতে চায় নবান্ন। সেই কারণে এই ১,২৬৬টির বদলে যেসব রাস্তায় কাজ হবে, সেগুলি চিহ্নিতকরণের কাজ দ্রুত শেষ করে ফেলতে তৎপর জেলা প্রশাসন।